# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 08 May, 2025

ভারতের সঙ্গে চলমান উত্তেজনার মধ্যে পাকিস্তান দাবি করেছে, তারা এখন পর্যন্ত ২৫টি ইসরাইলি প্রযুক্তিতে তৈরি 'হেরোপ' কামিকাজে ড্রোন গুলি করে ভূপাতিত করেছে।দেশটির আন্তঃবাহিনী জনসংযোগ বিভাগ (আইএসপিআর) বৃহস্পতিবার এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে।

আল-জাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, আইএসপিআর-এর বিবৃতিতে বলা হয়, পাকিস্তানের বিভিন্ন অঞ্চলে সেনাবাহিনী প্রযুক্তিগত সক্ষমতা দিয়ে ওই ড্রোনগুলো শনাক্ত ও ধ্বংস করে।এরই মধ্যে ভূপাতিত ড্রোনগুলোর ধ্বংসাবশেষ সংগ্রহ করা হয়েছে।

বিবৃতিতে আরও জানানো হয়, শত্রুপক্ষের প্রতিটি আক্রমণের জবাব দিচ্ছে পাকিস্তানি সেনাবাহিনী।তাদের সব ষড়যন্ত্র নস্যাৎ করে দেওয়া হচ্ছে।

উল্লেখ্য, হেরোপ ড্রোন হলো ইসরাইলি অস্ত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠান □□□ (□□□□□□ □□□□□□□□□ □□□□□□□□□□□)-এর তৈরি আত্মঘাতী ড্রোন, যা নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম।

সাম্প্রতিক ভারত-পাকিস্তান উত্তেজনার প্রেক্ষাপটে এই ধরনের ড্রোন হামলার ঘটনা বেশ গুরুত্বপূর্ণ বলে মনে করছেন প্রতিরক্ষা বিশ্লেষকরা।

ভারত পাকিস্তান যুদ্ধ ড্রোন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:46

URL: https://www.timestodaybd.com/international/7513842160